

Date 23 Sep, 2019

আলিপুরদুয়ার

দুঃস্থদের পোশাক বিতরণ

নিজস্ব সংবাদদাতা, আলিপুরদুয়ার : বেহালা 'কুর্নিশ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন' ফের উত্তরবঙ্গে। এবার জলপাইগুড়ির জেলার প্রান্তিক গ্রাম ক্যারনে কুর্নিশের সদস্যরা পৌছলেন সহযোগীতারহাত নিয়ে। দারিদ্রে ভরা প্রান্তিক এই গ্রামের দুর্দশার কথা অনেকেই জানা। এই গ্রাম আরও একটি কারণে সকলের পরিচিত। এখানে রয়েছে অসুর জনজাতি গোষ্ঠীর বেশ কিছু মানুষ। তারা দেবী দুর্গার হাতে নিখন হওয়া মহিষাসুরের বংশধর বলেই বিশ্বাস। এই গ্রামেই রবিবার বেহালা কুর্নিশ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন গ্রামবাসীদের জন্য নতুন জামাকাপড়, মহিলাদের ন্যাপকিন সঙ্গে উপযুক্ত অন্তর্বাস। দুর্গা পূজোর আগে নতুন জামাকাপড়ের গন্ধে রীতিমতো পূজোর হাওয়া এল প্রান্তিক ক্যারন গ্রামে। নতুন জামাকাপড়ের সঙ্গে সঙ্গে গ্রামের মুমূর্ষ রোগীদের হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য একটি স্টেচারও এদিন গ্রামের জন্য



দান করেছে বেহালা কুর্নিশ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। গ্রামের সকলের সঙ্গে এদিন কুর্নিশের সদস্য সদস্যরা পেট পুরে খাওয়াদাওয়া করেছেন। কুর্নিশের দুই সদস্য দেবশিস ঘোষ ও প্রদীপ সরখেল বলেন, সকলের সহযোগীতা ও ভালবাসার ফলে এভাবে গ্রামের মানুষদের সঙ্গে সময় কাটাতে পেরেছি আমরা। নতুন জামাকাপড়ের সঙ্গে মহিলাদের সারা বছরের প্রয়োজনীয় ন্যাপকিন ও অন্তর্বাস দেওয়া হয়েছে। এভাবে আরও অনেক মানুষকে সহযোগীতা করতে পারব।